

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইঙ্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
ওয়েবসাইট: [www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১১.২৭.০০২(অংশ-২).২৪-২৮৪

তারিখ: ১৭ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ  
০১ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ


### বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জাতার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক প্রকাশিত ৪র্থ নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় নিয়োগ সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থী প্রতিষ্ঠান প্রধানের ক্রুটিপূর্ণ চাহিদা প্রদান, যোগদানে বাধা দান, মামলা জনিত কারণ এবং অন্যান্য কারণে সুপারিশ বর্ণিত ছিল তাদের মধ্যে মোট ১৫৮ জন প্রার্থীকে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগের জন্য পুনঃসুপারিশ এবং চূড়ান্ত সুপারিশ করা হয়েছে।

২। ইতোমধ্যেই নিয়োগ সুপারিশের বিষয়টি সংশ্লিষ্ট সুপারিশপ্রাপ্ত প্রার্থী ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে এসএমএস যোগে অবহিত করা হয়েছে। এক্ষণে সুপারিশপ্রাপ্ত প্রার্থীকে এনটিআরসিএ এর ওয়েবসাইটের ([www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)) **৪র্থ গণবিজ্ঞপ্তি-২০২২** নামক সেবা বক্সে অথবা <http://ngi.teletalk.com.bd> লিংকে প্রবেশ করে স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহারের মাধ্যমে নিয়োগ সুপারিশপত্র ডাউনলোড করে সুপারিশ পত্রে বর্ণিত প্রতিষ্ঠানে ২৫/০৭/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

৩। কোন প্রতিষ্ঠান প্রধান টেকনিক্যাল কারণে SMS না পেলে এনটিআরসিএ-এর ওয়েবসাইট থেকে তার প্রতিষ্ঠানে সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের তালিকা এবং সুপারিশপত্র সংগ্রহ করতে পারবেন।

৪। উল্লেখ্য যে, পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন প্রতিবেদনে নিয়োগ সুপারিশপ্রাপ্ত প্রার্থী অনুপযুক্ত বিবেচিত হলে এ সুপারিশপত্র তৎক্ষনিকভাবে বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রার্থীকে অব্যাহতি প্রদান করবে।



(ড. মোঃ আব্দুল মানান)

সদস্য (যুগ্মসচিব)

শিক্ষাত্ত্ব ও শিক্ষামান (অতিরিক্ত দায়িত্ব)

এনটিআরসিএ, ঢাকা।

ফোন: ০২-৪১০৩০০৮৭